

উপজেলা পরিষদের কৃষি ও সেচ সংক্রান্ত স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব গোলাম জিলানী আফিন্দী
সভাপতি
ও
ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, জামালগঞ্জ।

সভার তারিখ : ০৮/০৩/২০২২, সময় : সকাল ১০-০০ ঘঃ

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য (কপি সংযুক্ত)

সভাপতি উপস্থিত সকলকে সভায় স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতি মহোদয় সভার আলোচনা শুরু করার জন্য সদস্যবৃন্দকে আহ্বান জানান।


১। সভায় উপস্থিত উপজেলা কৃষি অফিসারের পক্ষে উপস্থিত প্রতিনিধি জানান যে, সরকারের নির্দেশনা মোতাবেক কৃষি উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হচ্ছে। উপজেলা পরিষদের অর্থায়নে ২৫০ জন পরিবারের মাঝে সবজি বীজ বিতরণ করা হলে তা বণণ করা হয়। বার বার বন্যার ফলে বীজ তলাসহ বাড়িঘরে পানি উঠায় সবজি চারা ও বীজতলা নষ্ট হয়ে যাওয়া কৃষক ক্ষতিগ্রস্ত হয়েছে। কৃষকের ক্ষতি পুশিয়ে নিতে এবং ফসল উৎপাদন বৃদ্ধি করার লক্ষ্যে সল্ল সময়ের উৎপাদিত ধানের চাষ ও সবজি বীজ বপণে কৃষকদের পরামর্শ প্রদান করা হচ্ছে মর্মে সভাকে অবহিত করেন।

জামালগঞ্জ উপজেলা প্রধানত বোরো ফসল এলাকা। প্রতি বছরের ন্যায় চলতি সনেও আসন্ন বোরো মৌসুমে প্রয়োজনীয় বীজ ও সার সরবরাহ যথেষ্ট থাকবে বলে আশাবাদী। তবে মৌসুম যেহেতু আগত প্রায়, তাই এ বিষয়ে সতর্কতা অবলম্বন করা হবে। যথাসময়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হবে।

২। আলোচনায় উপস্থিত সদস্যগণ কৃষকের কল্যাণে সরকারি নির্দেশনা যাথাযথভাবে বাস্তবায়নের জন্য উপজেলা কৃষি অফিসারের দৃষ্টি আকর্ষণ করেন এবং কৃষি কার্ড হালনাগাদ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান।

সিদ্ধান্ত: কৃষকের ক্ষতি পুশিয়ে নিতে এবং ফসল উৎপাদন বৃদ্ধি করার লক্ষ্যে সল্ল সময়ের উৎপাদিত ধানের চাষ ও সবজি বীজ বপণে কৃষকদের পরামর্শ প্রদান, কৃষি কার্ড হালনাগাদ করা এবং কৃষি কাজের সুবিধার্থে এডিপি খাতে বাস্তবায়ন যোগ্য প্রয়োজনীয় উপ-প্রকল্পে প্রস্তাব প্রস্তুতক্রমে উপজেলা পরিষদ সভায় উত্থাপনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

অতঃপর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(গোলাম জিলানী আফিন্দী)
সভাপতি
ও
ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, জামালগঞ্জ।

স্মারক নং-৪৬.৪৬৯০৫০.০০০.০৬.০০৪.২০২২(৩০)

তারিখঃ ০৮/০৩/২০২২




অনুলিপি: সদয় অবগতি/ কার্যার্থেঃ

- ১। জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
- ২। উপপরিচালক, স্থানীয় সরকার, সুনামগঞ্জ।
- ৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সুনামগঞ্জ।
- ৪। উপজেলা নিবাহী অফিসার, জামালগঞ্জ, সুনামগঞ্জ।
- ৫। উপজেলা অফিসার (সকল), জামালগঞ্জ।
- ৬। চেয়ারম্যান,ইউপি (সকল), জামালগঞ্জ।


ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, জামালগঞ্জ।

উপজেলা পরিষদ কৃষি ও সেচ কমিটির সভার হাজিরা
সভার তারিখ : ০৮.০৬.২২ খ্রিঃ।
সভার স্থান : ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ এর কার্যালয়
সভার সময় : ১০.০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্য বৃন্দ

ক্রঃ নং	নাম	পদবী	স্বাক্ষর
০১	জনাব কামাল হোসেন চেয়ারম্যান, জামালগঞ্জ সদর ইউপি	সদস্য	
০২	জনাব হানিফ মিয়া চেয়ারম্যান, জামালগঞ্জ উত্তর ইউপি।	সদস্য	
০৩	জনাব মোঃ আখতারুজ্জামান তালুকদার চেয়ারম্যান ভীমখালী ইউপি	সদস্য	
০৪	জনাব উপজেলা কৃষি অফিসার জামালগঞ্জ, সুনামগঞ্জ।	সদস্য সচিব	